The Daily Star
MONDAY, 19 JUNE 2023

# Rationalise public sector borrowing

## DCCI says in reaction to new monetary policy

STAR BUSINESS REPORT

A contractionary monetary policy statement (MPS) for the first half of the 2023-24 fiscal year will help to revive the financial and private sectors, said Barrister Md Sameer Sattar, president of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI).

The MPS primarily aims to curb inflation by reducing the aggregate demand in the economy, continuing supply-side interventions and a stable and favourable business environment, he said.

The repo and reverse repo have been adjusted to 6.5 per cent and 4.5 per cent respectively to control inflation by reducing the money supply, Sattar said.

"However, the effectiveness of these instruments of controlling inflation is yet to be seen. Because reverse repo was raised earlier but inflation did not decline as expected."

The DCCI president made the comments in a press release in response to the monetary policy statement that Bangladesh Bank announced today for 2023-24 fiscal year.

The MPS showed that the lending rate cap of 9 per cent has been lifted. However, the lending rate will be determined based on a new policy termed as "Short-Term Moving Average Rate (SMART)", Sattar said.

As a result, the interest rate on bank loans may reach double-digit, which may trigger manifold challenges for the survival of businesses in the current volatile geo-economic situation as well as provoking inflation, he said.

Lifting the cap of lending rate and introducing the SMART policy may also increase the cost of doing business for cottage micro small and medium enterprises, the DCCI president said.

Regarding exchange rate stability, Sattar agreed that a unified exchange rate will stabilise the market. However, strong monitoring should be in place by the Bangladesh Bank so that it is properly maintained.

"The reduction of ERQ encashment limit to 50% and increase of interest of EDF to 4.5% are necessary moves to mitigate the foreign exchange challenges. To enhance remittance inflow in the country, Bangladesh Bank needs to be very stringent to discourage the informal channel of inward remittance like Hundi."

NEW AGE
THE OUTSPOKEN DAILY
MONDAY, 19 JUNE 2023

# High public sector credit target may limit pvt borrowing: DCCI

Staff Correspondent

DHAKA Chamber of Commerce and Industry president Md Sameer Sattar said that 43 per cent public sector credit growth target set by the Bangladesh Bank in the monetary policy statement for the July-December period of the financial year 2023-24 might limit the scope for private sector borrowing.

He stressed enhancing tax collection and ensuring efficiency and good governance in government spending to reduce public sector borrowing.

The central bank announced the monetary policy statement on Sunday.

In a statement, Sameer said, 'A contractionary monetary policy stance would help to revive the private sector credit growth which has been set at 10.9 per cent for July-December of FY24 amid the current geoeconomic uncertainty.'

The DCCI president said, 'The MPS showed that the lending rate cap of 9 per cent has been lifted and will be determined based on "short-term moving average rate (SMART)". As a result, the interest rate on bank loans may reach double-digit, which may be challenging for businesses to survive and may increase the cost of doing business for CMSMEs.'

The repo and the reverse repo have been adjusted to 6.5 per cent and 4.5 per cent respectively to control inflation by reducing the money supply, he said.

Regarding exchange rate stability, Sameer said that a unified exchange rate would stabilise the market.

'Reduction of ERQ encashment limit to 50 per cent and increase of interest of EDF to 4.5 per cent are necessary moves to mitigate the foreign exchange challenges,' he said.

To enhance remittance inflow in the country, the Bangladesh Bank needs to be very stringent to discourage the informal channel of inward remittance like hundi, he suggested.

Sameer sought solid recommendations from the Bangladesh Bank to deal with non-performing loans.

'The Bangladesh Bank can identify and pinpoint the exact reasons, focusing on habitual defaulters, and start engaging with various institutions and stakeholders in order to work towards reducing the current backlog in recovery cases along with quick reforms to introduce ADRs in an effective manner,' he said.

The Business Post
MONDAY, 19 JUNE 2023

# Rationalise public sector borrowing

**Staff Correspondent**



Dhaka Chamber of Commerce and Industry (DCCI) President Md Sameer Sattar on Sunday said it is apparent that private sector credit growth has slowed down due to the current geo-economic uncertainty.

He believes that the target set for public sector credit may limit the scope for private sector borrowing, read a press release.

"To reduce public sector borrowing, efficiency and good governance must be ensured by adjustment in government spending through austerity measures, rationalisation of government expenses and prioritization of development projects," he added.

Sameer also underscored enhancing tax revenue to reduce the public sector borrowing from the banking sector, and acknowledged that a contractionary Monetary Policy Statements (MPS) will help to revive the financial and private sectors.

The MPS primarily aims to curb inflation by reducing the aggregate demand in the economy, continuing supply-side interventions and a stable and favourable business environment, he said in response to the declared monetary policy for the first half of FY24 by the Bangladesh Bank.

The repo and reverse repo have been adjusted to 6.5 per cent and 4.5 per cent respectively to control inflation by reducing the money supply.

However, the effectiveness of these instruments of controlling inflation is yet to be seen. Because the reverse repo was raised earlier but inflation did not decline as expected.

MPS showed that the lending rate cap of 9 per cent has been lifted. However, the lending rate will be determined based on a new policy termed as "Short-Term Moving Average Rate (SMART)."

As a result, the interest rate on bank loans may reach double-digit which may trigger manifold challenges for the survival of businesses in the current volatile geo-economic situation as well as provoking inflation.

Lifting the cap of lending rate and introducing the SMART policy may also increase the cost of doing business for CMSMEs.

TRUE & IMPARTIAL
daily sun
MONDAY, 19 JUNE 2023

# Contractionary MPS to help pvt sector: DCCI

SPECIAL CORRESPONDENT

**Dhaka** Chamber of Commerce and Industry (DCCI) President Barrister Md. Sameer Sattar said that a contractionary monetary policy would help the country to revive its financial and private sectors.

His remarks came as Bangladesh Bank declared the Monetary Policy Statement (MPS) for the first half of the upcoming fiscal year 2023-24.

The MPS primarily aims to curb inflation by reducing the aggregate demand in the economy, continuing supply-side interventions and a stable and favourable business environment.

The repo and reverse repo have been adjusted to 6.5 percent and 4.5 percent respectively to control inflation by reducing the money supply.

However, the effectiveness of these instruments of controlling inflation is yet to be seen. Although the reverse repo was raised earlier, the inflation did not ease as expected.

The lending rate cap of 9 percent has been lifted. However, the rate will be determined on the basis of a new policy termed as "Short-Term Moving Average Rate (SMART)".

"As a result, the interest rate on bank loans may reach double-digit which could trigger manifold challenges for the survival of businesses in the current volatile geo-economic situation as well as provoking inflation," DCCI president said.

"Lifting the cap of lending rate and introducing the SMART policy may also increase the cost of doing business for CMSMEs," he added.

The public sector credit growth has been set at 43 percent for July-December of FY 2023-24, which was 40 percent in January-June of FY 2022-23.

On the other hand, the private sector credit growth has been set at 10.9% for July-December of FY 2023-24, which was 11 percent in the January-June period of FY 2022-23.

It is apparent that private sector credit growth has slowed down due to the current geo-economic uncertainty.

DCCI president observed that the target set for public sector credit might limit the scope for private sector borrowing.

"To reduce public sector borrowing, efficiency and good governance must be ensured by adjustment in government spending through austerity measures, rationalisation of government expenses and prioritisation of development projects." Sattar underscored enhancing tax revenue to reduce the public sector borrowing from the banking sector. Regarding exchange rate stability, DCCI chief agreed that a unified exchange rate would stabilise the market.

However, strong monitoring should be in place by the Bangladesh Bank so that it is properly maintained.

Reduction of ERQ encashment limit to 50 percent and increase of interest of EDF to 4.5% are necessary moves to mitigate the foreign exchange challenges.

"To enhance remittance inflow in the country, Bangladesh Bank needs to be very stringent to discourage the informal channel of inward remittance like hundi."

Barrister Sattar was expecting solid recommendations from the Bangladesh Bank to deal with Non-Performing Loans (NPLs).

"This is because maintaining low NPLs and ensuring good governance in banks and financial institutions are critical for maintaining financial sector stability."

"We hail Bangladesh Bank and the Government of Bangladesh for the formation of a committee to review the existing Bank Company Act 1991 to propose effective resolution to the growing NPLs."

He said, "Since growing NPLs is limiting the private sector credit and in turn, stalling private sector growth, stern measures for quick loan recovery should be brought into place."

"In this connection, Bangladesh Bank can identify and pinpoint the exact reasons, focusing on habitual defaulters," DCCI president remarked.

He suggested the central bank should start engaging with various institutions and stakeholders in order to work towards reducing the current backlog in recovery cases.

Besides, quick reforms to introduce ADRs in an effective manner were also necessary, Sattar added.

The New Nation
Independent Daily

# Rationalise public sector borrowing to encourage private borrowing: DCCI

**Business Desk**

A contractionary monetary policy statement (MPS) for the first half of the 2023-24 fiscal year will help to revive the financial and private sectors, said Barrister Md Sameer Sattar, president of the Dhaka Chamber of Commerce & Industry (DCCI).

The MPS primarily aims to curb inflation by reducing the aggregate demand in the economy, continuing supply-side interventions and a stable and favourable business environment, he said.

The repo and reverse repo have been adjusted to 6.5 per cent and 4.5 per cent respectively to control inflation by reducing the money supply, Sattar said.

"However, the effectiveness of these instruments of controlling inflation is yet to be seen. Because reverse repo was raised earlier but inflation did not decline as expected."

The DCCI president made the comments in a press release in response to the monetary policy statement that Bangladesh Bank announced on Sunday for 2023-24 fiscal year.

The MPS showed that the lending rate cap of 9 per cent has been lifted. However, the lending rate will be determined based on a new policy termed as "Short-Term Moving Average Rate (SMART)", Sattar said.

As a result, the interest rate on bank loans may reach double-digit, which may trigger manifold challenges for the survival of businesses in the current volatile geo-economic situation as well as provoking inflation, he said.

Lifting the cap of lending rate and introducing the SMART policy may also increase the cost of doing business for cottage micro small and medium enterprises, the DCCI president said.

Regarding exchange rate stability, Sattar agreed that a unified exchange rate will stabilise the market.

প্রথম আলো
সোমবার, ১৯ জুন ২০২৩

# ব্যবসা পরিচালনার ব্যয় বাড়বে উদ্যোক্তাদের

## প্রতিক্রিয়া

**সামীর সাত্তার**
সভাপতি, ডিসিসিআই



সামীর সাত্তার

নতুন মুদ্রানীতিতে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা ও স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণে জোর দেওয়া হয়েছে। রেপো ও রিভার্স রেপোর হার যথাক্রমে ৬.৫ ও ৪.৫ শতাংশ বৃদ্ধির মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের উদ্যোগ নেওয়া হয়েছে। যদিও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রেপো ও রিভার্স রেপো রেটের কার্যকারিতা নিয়ে আমরা এখনো নিশ্চিত নই। কারণ, এর আগেও এ ধরনের উদ্যোগ নেওয়া হয়েছিল, যা থেকে কাঙ্ক্ষিত সফলতা আসেনি।

ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করা হয়েছে। এর ফলে ব্যাংকঋণের সুদের হার দুই অঙ্কে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যা বিশ্বের বর্তমান অর্থনৈতিক অস্থিরতার প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ, বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালনার ব্যয় বাড়বে।

আগামী ২০২৩-২৪ অর্থবছরের প্রথম ছয় মাস জুলাই-ডিসেম্বরে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৩ শতাংশ, যেটি চলতি ২০২২-২৩ অর্থবছরের জানুয়ারি-জুনে ৪০ শতাংশে রয়েছে। অন্যদিকে আগামী ছয় মাসে বেসরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০ দশমিক ৯ শতাংশ, যেটি জানুয়ারি-জুন সময়ে রয়েছে ১১ শতাংশ।

সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ বেসরকারি খাতে ঋণপ্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণপ্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে।

সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতের মাধ্যমে খেলাপি ঋণ হ্রাস করা সম্ভব।

বণিক বার্তা

সোমবার, ১৯ জুন ২০২৩ সমৃদ্ধির সহযাত্রী

# ঋণ প্রবাহ বৃদ্ধিতে সরকারের ঋণ গ্রহণ হার হ্রাস প্রয়োজন

## —ডিসিসিআই সভাপতি

নিজস্ব প্রতিবেদক ■

মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে মুদ্রানীতিতে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা এবং স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণের মতো বিষয়ের ওপর প্রাধান্য দেয়া হয়েছে। কিন্তু আর্থিক খাতের পাশাপাশি দেশের বেসরকারি খাতের স্থিতিশীলতা ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি হিসেবে মনে করেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার।

তিনি বলেন, 'রেপো ও রিভার্স রেপোর হার যথাক্রমে ৬ দশমিক ৫ এবং ৪ দশমিক ৫ শতাংশ বৃদ্ধির মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যদিও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রেপো ও রিভার্স রিপো রেটের কার্যকারিতা নিয়ে আমরা এখনো নিশ্চিত নই। কারণ আগে এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, যা থেকে কাঙ্ক্ষিত সফলতা পাওয়া যায়নি। ঘোষিত মুদ্রানীতিতে ঋণ সুদহারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করা হয়েছে। এর ফলে ব্যাংক থেকে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। এটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করবে।'

চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ৪৩ শতাংশ, যা আগের অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ৪০ শতাংশ। ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে বেসরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়েছে ১০ দশমিক ৯ শতাংশ। বিগত অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে যা ছিল ১১ শতাংশ। এ থেকে প্রতীয়মান হয়, বর্তমান বৈশ্বিক অস্থিতিশীল অর্থনৈতিক পরিস্থিতিতে বেসরকারি খাতে ঋণ প্রবাহের লক্ষ্যমাত্রা হ্রাস পেয়েছে।

ডিসিসিআই সভাপতি মনে করেন, সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসে সরকারি ব্যয়ের কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। ব্যাংক খাত থেকে সরকারের ঋণ গ্রহণের প্রবণতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানো ওপর আরো বেশি হারে জোরারোপ করা উচিত, এতে ব্যাংক খাতের ওপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে।

> “সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয়ের কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। ব্যাংক খাত থেকে সরকারের ঋণ গ্রহণের প্রবণতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানো ওপর আরো বেশি হারে জোরারোপ করা উচিত, এতে ব্যাংক খাতের ওপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে




বৈদেশিক মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা আনতে ডিসিসিআই সভাপতি মনে করেন, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। যদিও এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনকেশমেন্ট লিমিট ৫০ শতাংশ হ্রাস এবং ইডিএফ সুদহার ৪ দশমিক ৫ শতাংশ করার সিদ্ধান্তটি সময়োপযোগী। এর মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলা সম্ভব হবে বলে আশা করা যায়। দেশে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধির জন্য হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবণতা রোধে বাংলাদেশ ব্যাংককে আরো কঠোর হতে হবে।

খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ গ্রহণের ওপর জোরারোপ করেন সামীর সাত্তার। তিনি বলেন, 'আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে খেলাপি ঋণ হ্রাস করা সম্ভব। খেলাপি ঋণ হ্রাসে সরকার গৃহীত ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ মূল্যায়ন কমিটি প্রণয়নের জন্য ঢাকা চেম্বার, কেন্দ্রীয় ব্যাংক ও সরকারকে সাধুবাদ জানাচ্ছি। খেলাপি ঋণ বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করছে, এমতাবস্থায় ডিসিসিআই সভাপতি খেলাপি ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ গ্রহণের ওপর জোরারোপ করেছেন।

দৈনিক ইত্তেফাক
প্রতিষ্ঠাতা তফাজ্জল হোসেন মানিক মিয়া
সোমবার, ১৯ জুন ২০২৩

## ঘোষিত মুদ্রানীতি নিয়ে ঢাকা চেম্বারের প্রতিক্রিয়া

# ঋণের সুদহার বৃদ্ধি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বাড়বে

■ ইত্তেফাক রিপোর্ট

ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করা হয়েছে। এ ব্যবস্থার ফলে ব্যাংক হতে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যেটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করবে। গতকাল রবিবার বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতির ওপর এক প্রতিক্রিয়ায় এ কথা বলেন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার। সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারিখাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে। সরকারিখাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন, ব্যাংক খাত হতে সরকারের ঋণ গ্রহণের প্রবণতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানো ওপর আরো বেশি হারে জোরারোপ করা উচিত, এতে করে ব্যাংক খাতের ওপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে।

মুদ্রা নীতিতে রেপো ও রিভার্স রেপোর হার বৃদ্ধি করে যথাক্রমে ৬ দশমিক ৫ শতাংশ ও ৪ দশমিক ৫ শতাংশ করা হয়েছে। এর কার্যকারিতা নিয়ে আমরা এখনো নিশ্চিত নই, কারণ ইতিপূর্বেও এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, যা থেকে কাঙ্ক্ষিত সফলতা পাওয়া যায়নি।

সামীর সাত্তার মনে করেন, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মদ্রাবাজারকে স্থিতিশীল করবে। যদিও, এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনকেশমেন্ট লিমিট ৫০ শতাংশ হ্রাস এবং ইডিএফ সুদ হার ৪ দশমিক ৫ শতাংশ করা একটি সময়োপযোগী সিদ্ধান্ত, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা করা সম্ভব হবে বলে আশা করা যায়। দেশে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিকল্পে, হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবণতা রোধকল্পে বাংলাদেশ ব্যাংককে আরো কঠোর হতে হবে।

খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে যথাযথ উদ্যোগ গ্রহণের ওপর জোরারোপ করেন ব্যারিস্টার সামীর সাত্তার। খেলাপি ঋণ বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করছে, এমতাবস্থায় ডিসিসিআই সভাপতি খেলাপি ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ গ্রহণের ওপর জোরারোপ করছেন।

কালের কণ্ঠ
সোমবার, ১৯ জুন ২০২৩

ঢাকা চেম্বার ও সানেম

# ব্যবসায় পরিচালন ব্যয় বাড়বে

**নিজস্ব প্রতিবেদক ▷**

২০২৩-২৪ অর্থবছরের প্রথম ছয় মাসের জন্য মুদ্রানীতি ঘোষণা করেছে বাংলাদেশ ব্যাংক। সেই সঙ্গে ব্যাংকঋণের সুদহারের সীমা তুলে দেওয়া হয়েছে। ঘোষিত এই মুদ্রানীতিতে চলমান ঋণের সুদের হার ৯ শতাংশ প্রত্যাহার করায় ব্যবসায়ীদের ব্যবসা পরিচালন ব্যয় বাড়বে বলে মনে করে ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)। এদিকে বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান সানেম সংশয় প্রকাশ করে জানিয়েছে সুদের হার আসলেই বাজারভিত্তিক হবে কি না।

গতকাল রবিবার ডিসিসিআই জনসংযোগ বিভাগ থেকে পাঠানো তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় সংগঠনের সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার জানান, ব্যাংক থেকে ঋণ নিলে সুদের হার ডবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যা বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের জন্য বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। তবে সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। এতে বলা হয়, দেশের আর্থিক খাতের পাশাপাশি বেসরকারি খাতে স্থিতিশীলতা ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি হিসেবে মনে করেন তিনি। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে মুদ্রানীতিতে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা এবং স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণ প্রভৃতি বিষয়ের ওপর প্রাধান্য দেওয়া হয়েছে।

ঢাকা চেম্বার মনে করে, চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ৪৩ শতাংশ, যেটি আগের অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ৪০ শতাংশ। অন্যদিকে ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে বেসরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা ধরা হয়েছে ১০.৯ শতাংশ, যেটি বিগত অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ১১ শতাংশ। এ থেকে প্রতীয়মান হয়, বর্তমান বৈশ্বিক অস্থিতিশীল অর্থনৈতিক পরিস্থিতিতে বেসরকারি খাতে ঋণপ্রবাহের লক্ষ্যমাত্রা হ্রাস পেয়েছে।

ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ বেসরকারি খাতে ঋণপ্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণপ্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয়ে কৃচ্ছ্র সাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে।

সামির সাত্তার আরো বলেন, ব্যাংকিং খাত থেকে সরকারের ঋণ গ্রহণের প্রবণতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানোর ওপর আরো বেশি জোরারোপ করা উচিত। বৈদেশিক মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা আনয়নে ডিসিসিআই মনে করে, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। যদিও এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনক্যাশমেন্ট লিমিট ৫০ শতাংশ হ্রাস এবং ইডিএফ সুদ হার ৪.৫ শতাংশ করা একটি সময়োপযোগী সিদ্ধান্ত, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলা করা সম্ভব হবে বলে আশা করা যায়। দেশে রেমিট্যান্সপ্রবাহ বৃদ্ধিকল্পে হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবণতা রোধে বাংলাদেশ ব্যাংককে আরো কঠোর হতে হবে বলে মনে করে ডিসিসিআই।

The Daily Shomoyer Alo
সময়ের আলো
সত্য প্রকাশে আপোসহীন
সোমবার, ১৯ জুন ২০২৩

## নতুন মুদ্রানীতি সংকোচনমূলক : ডিসিসিআই

# ব্যাংক থেকে সরকারের ঋণ কমাতে হবে

● নিজস্ব প্রতিবেদক

নতুন অর্থবছর ২০২৩-২৪-এর জুলাই-ডিসেম্বর সময়ের জন্য গতকাল রোববার মুদ্রানীতি ঘোষণা করেছেন কেন্দ্রীয় ব্যাংকের গভর্নর আবদুর রউফ তালুকদার। ঘোষিত এই মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি হিসেবে উল্লেখ করেছেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার। তিনি আরও বলেন, ব্যাংক খাত থেকে সরকারের ঋণ কমাতে হবে। এ জন্য সরকারকে কর আহরণের মাত্রা আরও বাড়ানো দরকার। এতে করে ব্যাংক খাতের ওপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে। গতকাল ঘোষিত মুদ্রানীতি নিয়ে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তি তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় তিনি এসব কথা বলেন।

ডিসিসিআই সভাপতি বলেন, চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ৪৩ শতাংশ, যেটি আগের অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ৪০ শতাংশ। অন্যদিকে ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে বেসরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ১০ দশমিক ৯ শতাংশ, যেটি বিগত অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ১১ শতাংশ। এ থেকে প্রতীয়মান হয় যে, বর্তমান বৈশ্বিক অস্থিতিশীল অর্থনৈতিক পরিস্থিতিতে বেসরকারি খাতে ঋণ প্রবাহের লক্ষ্যমাত্রা হ্রাস পেয়েছে। সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে।

তিনি বলেন, দেশের আর্থিক খাতের পাশাপাশি বেসরকারি খাতের স্থিতিশীলতা ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) মুদ্রানীতি ঘোষণা করেছে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে মুদ্রানীতিতে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা এবং স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণ প্রভৃতি বিষয়গুলোর ওপর প্রাধান্য দেওয়া হয়েছে। রেপো ও রিভার্স রেপোর হার যথাক্রমে ৬ দশমিক ৫ শতাংশ ও ৪ দশমিক ৫ শতাংশ বৃদ্ধির মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। যদিও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রেপো ও রিভার্স রিপো রেটের কার্যকারিতা নিয়ে আমরা এখনও নিশ্চিত নই, কারণ ইতিপূর্বেও এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, যা থেকে কাঙ্ক্ষিত সফলতা পাওয়া যায়নি।

ডিসিসিআই সভাপতি বলেন, ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশে প্রত্যাহার করা হয়েছে। এ ব্যবস্থার ফলে ব্যাংক থেকে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যেটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করবে।

বৈদেশিক মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতার বিষয়ে ডিসিসিআই সভাপতি সামীর সাত্তার বলেন, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। যদিও এ ক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনকেশমেন্ট লিমিট ৫০ শতাংশ হ্রাস এবং ইডিএফ সুদ হার ৪ দশমিক ৫ শতাংশ করা একটি সময়োপযোগী সিদ্ধান্ত, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা করা সম্ভব হবে বলে আশা করা যায়। দেশে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিকল্পে হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবণতা রোধকল্পে বাংলাদেশ ব্যাংককে আরও কঠোর হতে হবে।

তিনি বলেন, খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে। আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরণের মাধ্যমে খেলাপি ঋণ হ্রাস করা সম্ভব। খেলাপি ঋণ হ্রাসের জন্য সরকার গৃহীত ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ মূল্যায়ন কমিটি প্রণয়নের পদক্ষেপটি ভালো। খেলাপি ঋণ বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করছে, এমতাবস্থায় খেলাপি ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ গ্রহণ করতে হবে কেন্দ্রীয় ব্যাংককে।

সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে

সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে

DCCI
ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রি

ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করায় ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে

খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ গ্রহণ করতে হবে

মুক্ত প্রাণের প্রতিধ্বনি
ভোরের কাগজ
সোমবার, ১৯ জুন ২০২৩

# মুদ্রানীতি সংকোচনমূলক বলছে ডিসিসিআই

কাগজ প্রতিবেদক : ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধের (জুলাই-ডিসেম্বর) জন্য ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি বলে মনে করছে ঢাকা চেম্বার অব কমার্স এন্ড ইন্ডাস্ট্রি (ডিসিসিআই)।

তাৎক্ষণিক প্রতিক্রিয়ায় গতকাল রবিবার এক বিবৃতিতে সংগঠনটির সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার বলেন, ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করা হয়েছে। এ ব্যবস্থার ফলে ব্যাংক থেকে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে। যেটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বাড়াবে। মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের লক্ষ্যে মুদ্রানীতিতে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা এবং স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণ- এসব বিষয়ে প্রাধান্য দেয়া হয়েছে।

সংগঠনটি বলছে, রেপো ও রিভার্স রেপোর হার যথাক্রমে ৬ দশমিক ৫ শতাংশ ও ৪ দশমিক ৫ শতাংশে বাড়ানোর মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রণের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যদিও মূল্যস্ফীতি নিয়ন্ত্রণে রেপো ও রিভার্স রিপো রেটের কার্যকারিতা নিয়ে আমরা এখনো নিশ্চিত নই। কারণ, ইতোপূর্বেও এ ধরনের উদ্যোগ নেয়া হয়েছিল, যা থেকে কাঙ্ক্ষিত সফলতা পাওয়া যায়নি। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, সরকারি খাতে বেশি মাত্রায় ঋণ নেয়া বেসরকারি খাতে ঋণপ্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প নিতে হবে। তিনি আরো বলেন, ব্যাংক খাত থেকে সরকারের ঋণ নেয়ার প্রবণতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানোর ওপর আরো বেশি হারে জোরারোপ করা উচিত, এতে করে ব্যাংক খাতের ওপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে।

বৈদেশিক মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা আনয়নে সামীর সাত্তার মনে করেন, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজারকে স্থিতিশীল করবে। যদিও এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনকেশমেন্ট লিমিট ৫০ শতাংশ হ্রাস এবং ইডিএফ সুদ হার ৪ দশমিক ৫ শতাংশ করা একটি সময়োপযোগী সিদ্ধান্ত। যার মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবিলা করা সম্ভব হবে বলে আশা করা যায়। দেশে রেমিট্যান্স প্রবাহ বাড়ানোর জন্য হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবণতা রোধকল্পে বাংলাদেশ ব্যাংককে আরো কঠোর হতে হবে। খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ থেকে যথাযথ উদ্যোগ নেয়ার ওপর জোর দেন তিনি।

শেয়ার বিজ
সোমবার, ১৯ জুন ২০২৩

# সরকারের ঋণ গ্রহণ কমানো প্রয়োজন

## —ডিসিসিআই সভাপতি

নিজস্ব প্রতিবেদক

**ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক হিসেবে বিবেচনা করছে ঢাকা চেম্বার**

দেশের আর্থিক খাতের পাশাপাশি বেসরকারি খাতের স্থিতিশীলতা ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি হিসেবে মনে করেন ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মো. সামীর সাত্তার। গতকাল রোববার ডিসিসিআই থেকে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এই তথ্য তুলে ধরা হয়।

ডিসিসিআই সভাপতি বলেন, ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ শতাংশ প্রত্যাহার করা হয়েছে। এ ব্যবস্থার ফলে ব্যাংক থেকে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যেটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষ করে কুটির, ক্ষুদ্র ও মাঝারি উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করবে। চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ৪৩%, যেটি আগের অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ৪০%। অপরদিকে ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে বেসরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ১০.৯%, যেটি বিগত অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ১১%। এ থেকে প্রতীয়মান হয় যে, বর্তমান বৈশ্বিক অস্থিতিশীল অর্থনৈতিক পরিস্থিতিতে বেসরকারি খাতে ঋণপ্রবাহের লক্ষ্যমাত্রা হ্রাস পেয়েছে। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারি খাতে ঋণপ্রবাহকে সংকুচিত করবে। সরকারি খাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছ্রতাসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে।

ডিসিসিআই সভাপতি বলেন, খেলাপি ঋণ নিয়ন্ত্রণে বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে যথাযথ উদ্যোগ নিতে হবে। আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিতকরণের মাধ্যমে খেলাপি ঋণ হ্রাস করা সম্ভব। খেলাপি ঋণ হ্রাসের জন্য সরকার গৃহীত ব্যাংক কোম্পানি আইন ১৯৯১ মূল্যায়নে কমিটি প্রণয়নের জন্য ঢাকা চেম্বার, কেন্দ্রীয় ব্যাংক ও সরকারকে সাধুবাদ জানাচ্ছে। খেলাপি ঋণ বেসরকারি খাতে ঋণ প্রবাহকে সংকুচিত করছে, এ অবস্থায় খেলাপি ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ নিতে হবে।

আমাদের অর্থনীতি

সোমবার, ১৯ জুন ২০২৩

# বেসরকারিখাতে ঋণ প্রবাহ বৃদ্ধিতে সরকারের ঋণ হ্রাস করা প্রয়োজন : ঢাকা চেম্বারের সভাপতি

আমিনুল ইসলাম: দেশের আর্থিকখাতের পাশাপাশি বেসরকারিখাতের স্থিতিশীলতা ফিরিয়ে আনতে বাংলাদেশ ব্যাংক প্রদত্ত ২০২৩-২৪ অর্থবছরের প্রথমার্ধে (জুলাই-ডিসেম্বর) ঘোষিত মুদ্রানীতিকে সংকোচনমূলক নীতি হিসেবে মনে করেন, ঢাকা চেম্বার অব কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (ডিসিসিআই) সভাপতি ব্যারিস্টার মোঃ সামীর সাত্তার। মূল্যস্ফীতি নিয়ন্ত্রনের লক্ষ্যে মুদ্রানীতিতে বিদ্যমান অর্থনৈতিক চাহিদা, আমদানি কার্যক্রমে নজরদারি অব্যাহত রাখা এবং স্থিতিশীল বাণিজ্য পরিবেশ নিশ্চিতকরণ প্রভৃতি বিষয়গুলোর উপর প্রাধান্য দেওয়া হয়েছে। রেপো ও রিভার্স রেপোর হার যথাক্রমে ৬.৫ ও ৪.৫ বৃদ্ধির মাধ্যমে মূল্যস্ফীতি নিয়ন্ত্রনের উদ্যোগ গ্রহণ করা হয়েছে, যদিও মূল্যস্ফীতি নিয়ন্ত্রনে রেপো ও রিভার্স রিপো রেট-এর কার্যকারীতা নিয়ে আমরা এখনও নিশ্চিত নই, কারণ ইতিপূর্বেও এ ধরনের উদ্যোগ গ্রহণ করা হয়েছিল, যা থেকে কাঙ্খিত সফলতা পাওয়া যায়নি। ঘোষিত মুদ্রানীতিতে ঋণের সুদের হারের সীমা ৯ প্রত্যাহার করা হয়েছে। এ ব্যবস্থার ফলে ব্যাংক হতে ঋণ গ্রহণের সুদের হার ডাবল ডিজিটে উন্নীত হওয়ার সম্ভাবনা রয়েছে, যেটি বর্তমান বৈশ্বিক অস্থির অর্থনৈতিক প্রেক্ষাপটে ব্যবসায়ীদের ব্যবসা পরিচালনায় বেশ প্রতিবন্ধকতা তৈরি করবে। পাশাপাশি এ ধরনের উদ্যোগ বিশেষকরে কুটির, ক্ষুদ্র ও মাঝারী উদ্যোক্তাদের ব্যবসা পরিচালন ব্যয় বৃদ্ধি করবে।

চলতি অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে সরকারি খাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ৪৩, যেটি আগের অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ৪০। অপরদিকে ২০২৩-২৪ অর্থবছরের জুলাই-ডিসেম্বর মেয়াদে বেসরকারিখাতে ঋণের লক্ষ্যমাত্রা করা হয়েছে ১০.৯, যেটি বিগত অর্থবছরের জানুয়ারি-জুন সময়ে ছিল ১১।

এ থেকে প্রতীয়মান হয় যে, বর্তমান বৈশ্বিক অস্থিতিশীল অর্থনৈতিক পরিস্থিতিতে বেসরকারিখাতে ঋণ প্রবাহের লক্ষ্যমাত্রা হ্রাস পেয়েছে। ঢাকা চেম্বারের সভাপতি মনে করেন, সরকারি খাতে অধিক মাত্রায় ঋণ গ্রহণ, বেসরকারিখাতে ঋণ প্রবাহকে সংকুচিত করবে। সরকারিখাতের ঋণ প্রবাহ হ্রাসের জন্য সরকারি ব্যয় কৃচ্ছতাসাধন, সুশাসন, স্বচ্ছতা ও দক্ষতা আনয়ন এবং অগ্রাধিকারমূলক উন্নয়ন প্রকল্প গ্রহণ করতে হবে। তিনি আরো বলেন, ব্যাংক খাত হতে সরকারের ঋণ গ্রহণের প্রবনতা কমিয়ে আনতে কর আহরণের মাত্রা বাড়ানো উপর আরো বেশি হারে জোরারোপ করা উচিত, এতে করে ব্যাংক খাতের উপর সরকারের নির্ভরতা অনেকাংশে হ্রাস পাবে।

বৈদেশিক মুদ্রা বিনিময় হারে স্থিতিশীলতা আনয়নে ডিসিসিআই সভাপতি সামীর সাত্তার মনে করেন, সমন্বিত মুদ্রা বিনিময় হার দেশের মুদ্রাবাজার কে স্থিতিশীল করবে। যদিও, এক্ষেত্রে বাংলাদেশ ব্যাংকের কঠোর নজরদারি নিশ্চিত করতে হবে। ইআরকিউ এনকেশমেন্ট লিমিট ৫০ হ্রাস এবং ইডিএফ সুদ হার ৪.৫ করা একটি সময়োপযোগী সিদ্ধান্ত, যার মাধ্যমে বৈদেশিক মুদ্রার রিজার্ভের বিদ্যমান চ্যালেঞ্জ মোকাবেলা করা সম্ভব হবে বলে, আশা করা যায়। দেশে রেমিট্যান্স প্রবাহ বৃদ্ধিকল্পে, হুন্ডির মতো অবৈধ চ্যানেলের মাধ্যমে রেমিট্যান্স আসার প্রবনতা রোধকল্পে বাংলাদেশ ব্যাংককে আরো কঠোর হতে হবে। খেলাপী ঋণ নিয়ন্ত্রনে বাংলাদেশ ব্যাংকের পক্ষ হতে যথাযথ উদ্যোগ গ্রহণের উপর জোরারোপ করেন ব্যারিস্টার সামীর সাত্তার। আর্থিক খাতে স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিতকরনের মাধ্যমে খেলাপী ঋণ হ্রাস করা সম্ভব। খেলাপী ঋণ হ্রাসের জন্য সরকার গৃহীত ব্যাংক কোম্পানী আইন ১৯৯১ মূল্যায়নে কমিটি প্রণয়নের জন্য ঢাকা চেম্বার, কেন্দ্রীয় ব্যাংক ও সরকারকে সাধুবাদ জানাচ্ছে। খেলাপী ঋণ বেসরকারিখাতে ঋণ প্রবাহ কে সংকুচিত করছে, এমতাবস্থায় ডিসিসিআই সভাপতি খেলাপী ঋণ আদায়ে কঠোর পদক্ষেপ গ্রহণের উপর জোরারোপ করছে।